ঝিনাইদহ ভূমি জরিপ ট্রাইব্যুনালে মামলা দায়েরের চেয়ে নিষ্পত্তি বেড়েছে

ঝিনাইদহ ভূমি জরিপ ট্রাইব্যুনালে আপস ও বিকল্প বিরোধ নিষ্পত্তির (এডিআর) মাধ্যমে মামলা নিষ্পত্তির হার ২০১৯ সালে বেড়েছে বহুগুণে।

২০১৯ সালে মামলা নিষ্পত্তির হার ৩২৪ শতাংশ। যা আগের বছরের তুলনায় ১১৫ দশমিক ৮৫ শতাংশ বেশি। ২০১৯ সালের ১১ মাসে মামলা দায়ের হয়েছে তিনশত পঁচানব্বই (৩৯৫) এবং নিষ্পত্তি হয়েছে ১ হাজার ১৬৭টি। মামলা নিষ্পত্তির ক্ষেত্রে যা অভাবনীয় সাফল্য।

গত বছরের শেষে ওই ভূমি জরিপ ট্রাইব্যুনালের মামলা নিষ্পত্তির পরিসংখ্যান থেকে এ তথ্য জানা যায়।

খোঁজ নিয়ে জানা গেছে, বিচারক মো. তাজুল ইসলাম দায়িত্ব নেয়ার পর মাত্র ২০১৯ সালের ১১ মাসে প্রায় ১২ শতাধিক মামলা নিষ্পত্তি করেন।

যার মধ্যে ৬৮০টি মামলা ছিল পুরনো। যেগুলো ২০১৪ সাল থেকে ২০১৬ সালে দায়ের হওয়া। এগুলোকে তিনি অগ্রাধিকার দিয়ে নিষ্পত্তি করেন।

এ সময় তাকে মিস মামলাসহ প্রায় দেড় হাজার সাক্ষীর সাক্ষ্য নিতে হয়। বিকল্পবিরোধ ও আপসের মাধ্যমে ১১ মাসে শতাধিক ভূমি জরিপ মামলা নিষ্পত্তি করা হয়েছে। যার মধ্যে ভূমি জরিপ মামলার সঙ্গে অনেকের আরো দেওয়ানি মোকদ্দমা রয়েছে।

অনেক ল্যান্ড সার্ভে মামলা তিনি দায়েরের মাত্র ছয়মাসের মধ্যে নিষ্পত্তি করেছেন। তাজুল ইসলাম ইতোপূর্বে খুলনা, ঢাকা, মেহেরপুর ও ঠাকুরগাঁওয়ে বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন।

সারাদেশের ৪২টি জেলার ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে বিচারাধীন মোট তিন লাখ তিন হাজার ৩৫টি মামলা। এসব ট্রাইব্যুনালের মধ্যে ঝিনাইদহে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের মাস ওয়ারি নিষ্পত্তির হিসাব গড়ে প্রায় শতাধিক।

যেমন- জানুয়ারি মাসে ১১৫টি, ফেব্রুয়ারি মাসে ৭৩টি, মার্চ মাসে ৮৬টি, এপ্রিলে ৮৭টি, মে মাসে ১১৫টি, জুন মাসে ৯৬টি, জুলাই মাসে

১২৫টি, আগস্ট মাসে ৮৪টি, সেপ্টেম্বর মাসে ১১৫টি, অক্টোবর মাসে ১৪৩টি এবং নভেম্বর মাসে ১১৬টি এবং ডিসেম্বর মাসে ১ দিনে চারটি ও অন্যান্য মামলাসহ ১২ শতাধিক টিএলএসটি মামলা নিষ্পত্তি করেছেন বিচারক তাজুল ইসলাম।

তাছাড়া সারা দেশের ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল গুলোর চেয়ে ঝিনাইদহ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে আপোষের মাধ্যমে নিষ্পত্তির হার তুলনামূলক বেশি। বর্তমানে ১৯৩৮ টিএলএসটি মামলা আছে।

ঝিনাইদহ সদর উপজেলার নগরবাথান গ্রামের একটি ভূমি জরিপ মামলা নং ৯৫৮/২০১৬ মামলার বাদী মো. নজরুল ইসলাম বলেন, ‘আমাদের কেসটি বিচারক নিজে উদ্যোগ নিয়ে বিবাদীদের সঙ্গে আপোষ করে দেন। আমি এই আদালতে ২০১৬ সালে মামলার জন্য আসি এবং বেশ কয়েকটি তারিখ চলে যায়।

এই বিচারক এসে চার-পাঁচটি তারিখের মধ্যেই আদালত আমাদের মামলাটি আপস করে দেন। আমি আপসের মাধ্যমে আমার দাবিকৃত জমি বুঝে পেয়েছি।’এজন্য তিনি বিচারক, আইনজীবীসহ সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ঝিনাইদহ ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের এজিপি বেগম দীল আফরোজ বলেন, ভূমি সংক্রান্ত বিবাদ যত নিষ্পত্তি হবে তত সমাজে শান্তি ও উন্নয়ন প্রতিষ্ঠিত হবে। সারাদেশের ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের চেয়ে ঝিনাইদহে মামলা নিষ্পত্তির হার তুলনামূলকভাবে বেশি।

ঝিনাইদহ জেলার সরকারি কৌসুলি জিপি বিকাশ কুমার ঘোষ বলেন বলেন, ‘সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা হলে উন্নয়ন টেকসই হয়। সারাদেশের চেয়ে ঝিনাইদহে মামলা নিষ্পত্তির হার অত্যন্ত সন্তোষজনক।’

মেহেরপুরে ৩০ তম মাদক দ্রব্য নিয়ন্ত্রণ সপ্তাহ পালিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে

পুষ্পমাল্য অর্পণ, জাতীয় সংগীত এবং শপথ গ্রহণ সহ শান্তির প্রতিক কবুতর উড়ানো এবং বর্ণাঢ্য র্যালীর মধ্য দিয়ে মেহেরপুরে ৩০ তম মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে এ উপলক্ষে একটি র্যালি বের করা হয়। জেলা প্রশাসক মো: আতাউল গনির নেতৃত্বে র্যালীটি জেলা প্রশাসকের কার্যালয় থেকে শুরু করে প্রধান সড়ক মেহেরপুর শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে এসে শেষ হয়।

এ সময় শহীদ শামসুজ্জোহা নগর উদ্যান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে সেখানে মাদকের বিরুদ্ধে শপথ গ্রহণ করা হয় এবং শান্তির প্রতিক কবুতর উড়ানো হয়।

এদিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর দিবস উপলক্ষে মিরপুর পৌর কমিউনিটি সেন্টার এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মো: আতাউল গনি, অতিরিক্ত জেলা প্রশাসক মো: ইবাদত হোসেন, পিপি পল্লব ভট্টাচার্য, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক জালালউদ্দিন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুর জেলা জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতির উদ্যোগে মেহেরপুর জেলা পর্যায়ে ৩ দিনব্যাপী ৪৯ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা

হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ভিডিওর মাধ্যমে ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করেন।

জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় সংগীতের সুরে জাতীয় পতাকা এবং ক্রীড়া পতাকা উত্তোলন সহ মনোজ্ঞ কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজের চৌকস সদস্যরা সেখানে গার্ড অব অনার প্রদান করেন জেলা প্রশাসক মো: আতাউল গনি প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। পুলিশ সুপার এস এম মুরাদ আলী, জেলা শিক্ষা অফিসার আমান উদ্দিন মন্ডল এ সময় সেখানে উপস্থিত ছিলেন।

পরে সেখানে শান্তির প্রতীক পায়রা উড়িয়ে অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষিকা সানজিদা ইসলাম, আর আর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আশরাজামান,

আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আহাম্মদ আলী, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আলীফ হোসেন সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক গণ সেখানে উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে জাতীয় সমাজসেবা দিবস পালিত

সমাজসেবা দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও র্যালী অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে মেহেরপুর সরকারি শিশু পরিবার প্রাঙ্গনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বির সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো: আতাউল গনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মো: মোস্তাফিজুর রহমান।

বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজ সেবক শহীদ সাদেক হোসেন বাবলু, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা আসকার আলী, পৌর কাউন্সিলর জাফর ইকবাল, সাংবাদিক রফিকুল আলম, এনজিও কর্মী মোশারফ হোসেন প্রমুখ। এদিকে এর আগে জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষে একটি র্যালি বের করা হয়।

জেলা প্রশাসক মো: আতাউল গনি নেতৃত্বে শহরের ওয়াবদা সড়ক থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে সরকারি শিশু পরিবারে গিয়ে শেষ হয়।

র্যালীতে অন্যদের মধ্যে জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বী, অতিরিক্ত পুলিশ সুপার মো: মোস্তাফিজুর রহমানসহ বিভিন্ন এনজিও প্রতিনিধিগণ অংশগ্রহণ করে।

- নিজস্ব প্রতিনিধি

ঝিনাইদহে জাতীয় সমাজসেবা দিবস পালিত

‘সোনার বাংলায় মুজিব বর্ষে, সমাজকল্যাণ এগিয়ে চলে’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় সমাজসেবা দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে বৃহস্পতিবার সকালে শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড এলাকা থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সমাজসেবা কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল লতিফ সেখ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, সেলিম রেজা, অতিরিক্তি জেলা ম্যাজিস্ট্রেট রবিউল ইসলাম।

এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাসহ বেসরকারি সংগঠনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এসময় বক্তারা, সমাজসেবার সেবা আরও সহজতর করতে তথ্যপ্রযুক্তির সহায়তা গ্রহণ করতে কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী প্রচারণা সপ্তাহ পালিত

‘ ‘মাদককে রুখবো, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়বো’’ এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধি প্রচারণা সপ্তাহ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে শহরের বঙ্গবন্ধু প্রেরণা ৭১ এ শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। সেখান থেকে একটি র্যালী বের করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

র্যালী শেষে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের সামনে জাতীয় পতাকা উত্তোলন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠানের উদ্ভোধন করা হয়। পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট রবিউল ইসলাম, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারি পরিচালক মোঃ আজিজুল হক, অগ্রণীমুক্ত স্কাউট গ্রুপের সদস্য, কারারক্ষী, ফায়ার সার্ভিসসহ

বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এসময় বক্তারা মাদকের কুফল ও প্রতিরোধে বিভিন্ন দিক নির্দেশনা মূলক আলোচনা করেন।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

অনেক জল্পনা-কল্পনা–র অবসান ঘটিয়ে অবশেষে দীর্ঘ ১৬ বছর পর জমকালো আয়োজনের মধ্য দিয়ে ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়ন আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

ঘোড়শাল ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে বুধবার বিকেলে নারিকেলবাড়িয়া হাইস্কুল মাঠে জাতীয় সঙ্গীত পরিবেশন ও পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের উদ্ভোধন ঘোষনা করেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ আব্দুর রশীদ।

ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি নিত্য গোপাল শিকদারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরন।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, কালীগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানি, কালীগঞ্জ উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের সদস্য জাহাঙ্গীর হোসেন সোহেলসহ বিভিন্ন ইউনিয়নের সাবেক ও বর্তমান চেয়ারম্যান এবং আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানের সার্বিক তত্বাবধানে ছিলেন ঘোড়শাল ইউপি চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা পরিষদের সদস্য অলিম্পিক মিয়া। আলোচনা সভার শুরুতেই ঘোড়শাল ইউনিয়নের প্রয়াত আওয়ামীলীগ নেতা সিরাজুল ইসলাম সিরু মিয়াসহ সকল নেতৃবৃন্দের রুহের মাগফেরাত কামনা করে ১ মিনিট নিরাবতা পালন করা হয়।

আলোচনা সভা শেষে ভোটারদের সর্বসম্মতিক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে ইউনিয়ন আওয়ামীলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে সভাপতি পদে নিত্য গোপাল শিকদার ও সাধারণ সম্পাদক পদে রণজিৎ কুমারকে নির্বাচিত করা হয়।

এসময় বক্তারা একাধিকবার নির্বাচিত বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী ও আওয়ামীলীগ নেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে রুপকল্প ভীষন ২০২১ বাস্তবায়নে নেতাকর্মীদের সকল ভেদাভেদ ভুলে গিয়ে কাধে কাধ মিলিয়ে একসাথে কাজ করার পাশাপাশি ২০২০ সালের মুজিব বর্ষ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলের প্রতি আহবান জানান।

- ঝিনাইদহ প্রতিনিধি

মুজিবনগরে মুজিববর্ষ পালনের লক্ষে গণনা যন্ত্র স্থাপন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের শতবছর পূর্তি যথাযথ মর্যাদায় পালন করার লক্ষে মুজিবনগর সৃতিসৌধে ক্ষন গণনা যন্ত্র স্থাপন করা হয়েছে।

আগামী ১০ জানুয়ারী প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বিকাল ৫ টার সময় ভিডিও কন্ফারেন্স এর মাধ্যমে একযোগে সকল ক্ষণ গণনা যন্ত্রের উদ্বোধন করবেন।

এদিকে, মুজিবর্ষ সুন্দর ভাবে সফল করতে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

বৃহস্প্রতিবার সকালে মুজিববর্ষ পালনের লক্ষে উপজেলা পরিষদ

মিলনয়াতনে এক প্রস্তুতি সভায় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী এ সকল কর্মসূচির বিষয় উপস্থিত সকলের সামনে তুলে ধরেন। সকলে কর্মসূচির বিষয়ে বিভিন্নজন বিভিন্ন ধরনের মতামত দেন।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি জানান, মুজিববর্ষ পালনের লক্ষে আমরা ইতিমধ্যে ক্ষন গননা যন্ত্র স্থাপন করেছি। এছাড়া আজ সকালে পরিষ্কার পরিচ্ছন অভিযানের কার্যক্রম শুরু করে দিয়েছি।বঙ্গবন্ধু ও মুক্তিযোদ্ধাকে জানি শির্ষক কুইজ প্রতিযোগীতা করা সিদ্ধান্ত নিয়েছি। এছাড়া শিক্ষার মান উন্নয়নসহ বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়েছে।

- মুজিবনগর অফিস

মেহেরপুরে অ্যাডভোকেট এম এম রুস্তম আলী স্মরণে ডেথ রেফারেন্ডাম

মেহেরপুর জেলা আ্ইনজীবী সমিতির সাবেক সহসভাপতি মরহুম এম এম রুস্তুম আলী স্মরণে জেলা ও দায়রা জজের এজলাসে ডেথ রেফারেন্ডাম অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টায় জেলা ও দায়রা জজ এস এম আব্দুস সালামের সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বক্তব্য দেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল বিচারক মোঃ রফিকুল ইসলাম মেহেরপুর, চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট শিরিন নাহার, জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক আবু সালেহ নাসিমের সঞ্চালনায় স্মরণ অনুষ্ঠানে বক্তব্য দেন জেলা আইনজীবী সমিতির সভাপতি মারুফ আহমেদ বিজন, সাবেক সভাপতি এস এম ইব্রাহীম শাহীন, মিয়াজান আলী, শফিকুল আলম, আনোয়ার হোসেন, আসাদুল আযম খোকন, ইয়ারুল ইসলাম, কামরুল হাসান, নজরুল ইসলাম, সিরাজুল ইসলাম, মরহুম এম এম রুস্তম আলীর ছেলে নুরুজ্জামান বাবু প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে জাতীয় সমাজসেবা দিবস পালিত

“সোনার বাংলায় মুজিব বর্ষে, সমাজকল্যাণ এগিয়ে চলে” এ শ্লোগানে মুজিবনগরে জাতীয় সমাজসেবা দিবস-২০২০ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

সমাজসেবা অফিসের আয়োজনে এ উপলক্ষে বৃহস্পতিবার সকাল দশটার দিকে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর নেতৃত্বে র্যালীটি শহরের মেন মেন সড়ক প্রদক্ষিন করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।

এ সময় উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু,পুলিশ পরিদর্শক (তদন্ত) আমিরুল ইসলাম, তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার প্রমুখ উক্ত র্যালীতে অংশ নেন।

র্যালী শেষে উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর সভাপতিত্বে ও উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রবের উপস্থাপনায় পরিষদ মিলনয়াতনে জাতীয় সমাজসেবা দিবসের আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

- মুজিবনগর অফিস